মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

নং-১৮.১৪.০১৫৮.১১০.১১৫.১০.৪.২৫- ৬০

তারিখ: ২০/০২/২০২৬

## বিজ্ঞপ্তি:

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মোংলা বন্দর কর্তৃপক্ষের পুরাতন মোংলা ও স্থায়ী বন্দর এলাকায় মাস্টার প্ল্যান এবং এল ও সি প্রজেক্ট বহির্ভূত পতিত ফাঁকা জায়গা "মোংলা বন্দর কর্তৃপক্ষ আইন, ২০২২", Martial Law Committee কর্তৃক প্রণীত "The board functions of the Authority" এবং "ভূমি ব্যবস্থাপনা নীতিমালা, ১৯৯৭" অনুসরণপূর্বক স্বল্প ও দীর্ঘ মেয়াদে বরাদ্দ প্রদান করা হবে। সে প্রেক্ষিতে বরাদ্দ প্রাপ্তিতে আগ্রহীগণের নিকট হতে আগামী ০১/০২/২০২৬ তারিখের মধ্যে মবক'র চেয়ারম্যান মহোদয় বরাবর যাবতীয় তথ্যাদিসহ আবেদনপত্র আহবান করা হলো।

২। আগ্রহী পূর্বের আবেদনকারীগণকে পুনরায় আবেদন করতে হবে;

৩। অসম্পূর্ণ বা খন্ড আবেদন গ্রহণযোগ্য হবে না;

৪। মবক'র সম্পত্তি শাখা এবং ওয়েবসাইট হতে নির্ধারিত আবেদন ফর্ম সংগ্রহপূর্বক আবেদন করতে হবে।

**বরাদ্দের ক্ষেত্র:**

১। ১০০% রপ্তানীমূখী শিল্প প্রতিষ্ঠান;
২। বিদেশী পুঁজি বিনিয়োগকারী প্রতিষ্ঠান;
৩। সরকারী, আধা-সরকারী স্বায়ত্বশাসিত ও ব্যক্তিমালিকানাধীন সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক শিল্প কারখানা স্থাপনা;
৪। বন্দরের প্রয়োজনে সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত ও ব্যক্তিমালিকানীন সংস্থা/প্রতিষ্ঠানের অফিস নির্মান।

**আবেদনপত্রের সহিত সংযুক্তি:**

১। জাতীয় পরিচয়পত্রের কপি;
২। ট্রেড লাইসেন্স এর কপি;
৩। পাসপোর্ট সাইজের ছবি;
৪। আয়কর সনদ;
৫। ভ্যাট রেজিষ্ট্রেশন সনদ;
৫। লে-আউট প্ল্যান।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

২০/০২/২৬

কাজী আবেদ হোসেন
পরিচালক (প্রশাসন) (অঃ দাঃ)
মোংলা বন্দর কর্তৃপক্ষ।

**অনুলিপি:**

১। প্রোগ্রামার, মবক, মোংলা। {বিজ্ঞপ্তিটি মবক'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ}।

২। উপ-পরিচালক (জনসংযোগ), মবক, মোংলা। {০২ (দুই) টি জাতীয় পর্যায়ের এবং ০১ (এক) টি স্থানীয় পর্যায়ের পত্রিকায় বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুরোধসহ}।

CamScanner